# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩২ বর্ষ ২০তম সংখ্যা ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) ১৬ কার্তিক ১৪২৫, ৩১ অক্টোবর ২০১৮

## আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথি হিসেবে যোগ দিতে উপাচার্যের তুরস্ক সফর



ইস্তাম্বুলে অনুষ্ঠিত ৫ দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনারে প্রধান অতিথি হিসেবে যোগ দিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সম্প্রতি তুরস্ক সফর করেন। গত ১৭ অক্টোবর ২০১৮ ভোরে তিনি ঢাকা ত্যাগ করেন। দি ইস্তাম্বুল ফাউন্ডেশন ফর সায়েন্স এন্ড কালচার (আইএফএসসি)-এর উদ্যোগে ১৭ অক্টোবর থেকে ২১ অক্টোবর ২০১৮ পর্যন্ত এই সেমিনার অনুষ্ঠিত হয়। তুরস্ক সফরকালে উপাচার্য ইবনে খালদুন ইউনিভার্সিটি এবং উসকুদার ইউনিভার্সিটি পরিদর্শন করেন। সেখানে তিনি সংশ্লিষ্ট রেক্টরদের সঙ্গে পৃথক পৃথক বৈঠকে মিলিত হন এবং পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়ে মত বিনিময় করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় এবং তুরস্কের এই দু' বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়েও বৈঠকে আলোচনা করা হয়। ২২ অক্টোবর উপাচার্য দেশে ফিরে আসেন।

## আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উপলক্ষ্যে বর্ণাঢ্য শোভাযাত্রা

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের উদ্যোগে গত ১১ অক্টোবর ২০১৮ এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শোভাযাত্রার উদ্বোধন করেন। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার মোকাদ্দেম হোসেন, ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে বাংলাদেশ সারাবিশ্বে রোল মডেল। নানাবিধ কার্যক্রম গ্রহণ করার ফলে দেশে দুর্যোগে প্রাণহানি কমে এসেছে। দুর্যোগের ক্ষয়-ক্ষতি আরও কমিয়ে আনতে সচেতনতামূলক পদক্ষেপ গ্রহণের প্রতি গুরুত্বারোপ করেন তিনি।

"কমাতে হলে সম্পদের ক্ষতি বাড়াতে হবে দুর্যোগের পূর্ব প্রস্তুতি" প্রতিপাদ্য নিয়ে শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে আরম্ভ হয়ে টিএসসি প্রাঙ্গণে প্রদক্ষিণ করে লেকচার থিয়েটার ভবনে এসে শেষ হয়। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ইনস্টিটিউট ও বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করেন।

শোভাযাত্রা শেষে বিশ্ববিদ্যালয়ের লেকচার থিয়েটার ভবনে দিবসটির প্রতিপাদ্য নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, ১৯৮৯ সাল থেকে সারাবিশ্বে দিবসটি পালিত হয়ে আসছে।




ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস উপলক্ষ্যে গত ১৫ অক্টোবর ২০১৮ জগন্নাথ হল স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল এবং জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকার,

## ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত

## সচেতনতা ও সাবধানতা অবলম্বনের মাধ্যমে অনেক দুর্ঘটনা এড়ানো সম্ভব- উপাচার্য




বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে গত ১৫ অক্টোবর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস পালিত হয়েছে। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় নিহতদের স্মরণে প্রতি বছর দিবসটি পালন করা হয়। দুর্ঘটনায় ২৬জন ছাত্র, ১৪জন অতিথি ও কর্মচারীসহ মোট ৪০জন নিহত হন। দিবসটি পালন উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সকল হল, হোস্টেল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ করা হয়।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারিবৃন্দ সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক র‌্যালি সহকারে জগন্নাথ হল স্মৃতিসৌধে যান এবং পুষ্পস্তবক অর্পণ ও নীরবতা পালন করেন।

পরে অক্টোবর স্মৃতি ভবনস্থ টিভি কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, জগন্নাথ হলের প্রভোস্ট অধ্যাপক ড. অসীম সরকার, প্রাক্তন প্রভোস্ট অধ্যাপক ড. অজয় কুমার দাস, শোক দিবস পালন কমিটির আহ্বায়ক ড. তাপস দেবনাথ, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন-এর সভাপতি সৈয়দ আলী আকবর, দুর্ঘটনায় আহত তৎকালীন ছাত্র প্রবীর কুমার সরকারসহ মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড, বাংলাদেশ ছাত্রলীগ, তৃতীয় শ্রেণী (২য় পৃষ্ঠায় দেখুন)

## ঢাবি ঘ ইউনিটের পুনরায় ভর্তি পরীক্ষা আগামী ১৬ নভেম্বর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'ঘ' ইউনিটের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণিতে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের পুনরায় ভর্তি পরীক্ষা আগামী ১৬ নভেম্বর ২০১৮ শুক্রবার অনুষ্ঠিত হবে। ঐদিন বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত প্রচলিত পদ্ধতিতে পরীক্ষাটি অনুষ্ঠিত হবে। উত্তীর্ণ পরীক্ষার্থীদের পূর্বের ন্যায় নতুন করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে। পূর্বের রোল নম্বরটি বহাল থাকবে। প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ ৫ নভেম্বর ২০১৮ সোমবার বিকাল ৫টা থেকে ১৬ নভেম্বর ২০১৮ শুক্রবার বেলা ২টা পর্যন্ত।

## ডাকসু নির্বাচনে ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে শিক্ষার্থীদের হলভিত্তিক খসড়া তালিকা প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের ভোটার তালিকা প্রণয়নের লক্ষ্যে নিয়মিত শিক্ষার্থীদের হলভিত্তিক প্রথম খসড়া তালিকা ৩১ অক্টোবর ২০১৮ প্রকাশ করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আনুষ্ঠানিকভাবে এই তালিকা প্রকাশ করেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ সহ বিভিন্ন হলের প্রভোস্ট উপস্থিত ছিলেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জানান, হল প্রাধ্যক্ষদের প্রদত্ত তথ্যের ভিত্তিতে আইসিটি সেলের সহযোগিতায় প্রাথমিকভাবে (২য় পৃষ্ঠায় দেখুন)

## বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত ভাষ্য সম্পর্কে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য

গত ১৮ অক্টোবর ও ১৯ অক্টোবর ২০১৮ বিভিন্ন সংবাদ মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় ঘ-ইউনিট ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগের পরিপ্রেক্ষিতে 'গঠিত তদন্ত কমিটির রিপোর্ট দেওয়ার আগেই ফল প্রকাশ করা হয়েছে' মর্মে যে সংবাদ প্রকাশিত হয়েছে, সে বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।

এ-বিষয়ে জনমনে বিভ্রান্তি নিরসনের লক্ষ্যে জানানো যাচ্ছে যে, তদন্ত কমিটির আহ্বায়ক প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ সাপ্তাহিক ছুটি ও বিশ্ববিদ্যালয় শোক দিবসের ছুটির মধ্যেও অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সাথে দ্রুততম সময়ের মধ্যে তদন্ত কমিটির রিপোর্ট প্রণয়ন করে গত ১৫ অক্টোবর ২০১৮ সোমবার রাতে বিশ্ববিদ্যালয় উপাচার্যের নিকট মতামতসহ তদন্ত প্রতিবেদন জমা দেন। রিপোর্ট পাওয়ার পর উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান কর্তৃক ১৬ অক্টোবর ২০১৮ মঙ্গলবার অপরাহ্ন ৩:৩০টায় ঘ-ইউনিটের ফল প্রকাশ করা হয়। অতএব, এক্ষেত্রে বিভ্রান্তির কোন অবকাশ নেই।




ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগ এবং বাংলাদেশ কেমিক্যাল সোসাইটি-এর যৌথ উদ্যোগে "বাংলাদেশ কেমিক্যাল কংগ্রেস'- শীর্ষক ৩৯তম বার্ষিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠান গত ১৭ অক্টোবর ২০১৮ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রী রাশেদ খান মেনন এমপি। কংগ্রেসের পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. . মুহাম্মদ সামাদ । বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ এবং রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমান। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক ও বাংলাদেশ কেমিক্যাল সোসাইটি-এর সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আফতাব আলী শেখ, আয়োজক কমিটির চেয়ারম্যান ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. এমরান কাইয়ুম এবং আয়োজক কমিটির সচিব ও রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আবদুস সালাম। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ কেমিক্যাল সোসাইটি-এর সভাপতি মো. আব্দুল করিম।

## বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ




স্বাধীনতার মহান স্থপতি, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০১৮ উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদ আয়োজিত শিশু চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ১৩ অক্টোবর ২০১৮ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষক, প্রতিযোগী এবং অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক (২য় পৃষ্ঠায় দেখুন)



গত ১৩ অক্টোবর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে 'শরৎ উৎসব'-এর উদ্বোধন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উৎসবের উদ্বোধন করেন। ছবিতে উপাচার্যকে উদ্বোধনী বক্তব্য রাখতে দেখা যাচ্ছে।

# সচেতনতা ও সাবধানতা অবলম্বনের মাধ্যমে অনেক দুর্ঘটনা এড়ানো সম্ভব- উপাচার্য

(১ম পৃষ্ঠার পর) কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নিহতদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, সেদিন ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল শ্রেণী-পেশার মানুষ উদ্ধার কাজে অংশ নিয়েছিল। অসাম্প্রদায়িক চেতনা এবং নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হয়ে মানুষ সেদিন হতাহতদের পাশে দাঁড়িয়েছিল। ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের চেতনা এবং ১৯৮৫ সালের ১৫ অক্টোবরের চেতনা ছিল এক ও অভিন্ন। উপাচার্য এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধে সকলকে সচেতন থাকার আহ্বান জানিয়ে বলেন, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নিরাপত্তার প্রশ্নে কখনো আপস করা হবে না। সচেতনতা ও সাবধানতা অবলম্বনের মাধ্যমে অনেক দুর্ঘটনা এড়ানো সম্ভব উল্লেখ করে তিনি বলেন, সম্ভাব্যতা যাচাই ও মাস্টারপ্ল্যান প্রণয়নের মাধ্যমে ভবিষ্যতে পরিকল্পিতভাবে ভবন নির্মাণ করা হবে। ঝুঁকিপূর্ণ ভবনসমূহ দ্রুত খালি করার ব্যাপারে তিনি বিভিন্ন সমিতি ও সংগঠনের নেতৃবৃন্দের সহযোগিতা চান।

দিবসটি উপলক্ষ্যে জগন্নাথ হল প্রাঙ্গণে হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মাবলম্বীদের প্রার্থনা সভা অনুষ্ঠিত হয়। বাদ আছর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ সকল হল মসজিদে মোনাজাত করা হয়। সকালে জগন্নাথ হল প্রাঙ্গণে নিহতদের তৈলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি প্রদর্শন এবং রক্তদান কর্মসূচি পালন করা হয়। সন্ধ্যায় জগন্নাথ হল উপাসনালয়ে কবিতা আবৃত্তি, ভক্তিমূলক গান ও শোক সঙ্গীতের আয়োজন করা হয়। এছাড়া অক্টোবর মাসজুড়ে 'অক্টোবর স্মৃতি রচনা প্রতিযোগিতা' ও 'অক্টোবর স্মৃতি চিত্রাঙ্কন প্রতিযোগিতা'র আয়োজন রয়েছে।

# বঙ্গবন্ধুর ৪৩তম শাহাদাৎ বার্ষিকী

(১ম পৃষ্ঠার পর) ড. মো. আখতারুজ্জামান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অমর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, জাতির জনক আজ আমাদের মাঝে নেই কিন্তু আমরা যে একটি স্বাধীন দেশে বসবাস করছি, এটি তাঁর অবদান। জাতির জনক উদার মনের মানুষ ছিলেন এবং তিনি শিশুদের খুব ভালবাসতেন।

উল্লেখ্য, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষ্যে গত ১৫ আগস্ট ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়ায় এই শিশু চিত্রাঙ্কণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় মোট ৩টি গ্রুপে শতাধিক প্রতিযোগী অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রত্যেক গ্রুপের সেরা ১০জন করে মোট ৩০জন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হয়।

# ডাকসু নির্বাচনে ভোটার

(১ম পৃষ্ঠার পর) প্রায় সাড়ে ৩৮ হাজার শিক্ষার্থীর হলভিত্তিক খসড়া তালিকা তৈরি করা হয়েছে। ডাকসুর গঠনতন্ত্র অনুযায়ী এই তালিকা থেকে ডাকসু ও হল সংসদ নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন করা হবে। শিক্ষার্থীদের প্রথম খসড়া তালিকা ducsu.du.ac.bd ওয়েবসাইটে দেখা যাবে। খসড়া তালিকার সংশোধনী (সংযোজন, বিয়োজন বা পরিমার্জন)-এর জন্য আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হল প্রাধ্যক্ষ অফিসে লিখিতভাবে জানাতে হবে। খসড়া তালিকার হার্ড কপি হল অফিসে সংরক্ষিত থাকবে। বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রেও এই তালিকা ব্যবহৃত হবে। ফলে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও একাডেমিক কার্যক্রমে গতিশীলতা বাড়বে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

# জাতীয় পরিবেশ বিষয়ক অলিম্পিয়াডের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত




Beat Plastic Pollution প্রতিপাদ্য নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের আয়োজনে এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের সহযোগিতায় তিন-দিনব্যাপী 'National Environment Olympiad, Art, Essay, Map and Poster Competition ২০১৮'-এর সমাপনী অনুষ্ঠান গত ১৪ অক্টোবর ২০১৮ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এতে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ভূগোল ও পরিবেশ বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ড. আমানত উল্লাহ খান ও অধ্যাপক ড. শাহনাজ হক হোসেন এবং ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ ওয়াসেক মো. আলী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রেজওয়ান হোসেন ভূইয়া।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথির বক্তব্যে অলিম্পিয়াডে অংশগ্রহণকারী, বিজয়ী এবং তাদের অভিভাবক ও শিক্ষকদের অভিনন্দন জানান। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করার মাধ্যমে তোমাদের তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান বৃদ্ধি পেয়েছে, বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণের ফলে সৃজনশীল উদ্ভাবনও ঘটেছে। এই সৃজনশীলতা ব্যবহারিক জীবনে অন্তত নিজ নিজ প্রতিষ্ঠান ও পরিবারে প্রয়োগ করতে হবে।

উল্লেখ্য, অনুষ্ঠানে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায় ছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেয়। এতে দেশের স্বনামধন্য শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৭০০-এর অধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। চিত্রাঙ্কণ, রচনা লেখা, ম্যাপ এবং পোস্টার তৈরি প্রতিযোগিতায় প্রতিটি বিভাগে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের পুরস্কার বিতরণ করা হয়। এছাড়াও সমগ্র অংশগ্রহণকারীদের মধ্যে ২০১৮-এর সেরা ৩জনকে পুরস্কৃত করা হয়।

# সামাজিক সচেতনতামূলক প্রচার অভিযান কার্যক্রম উদ্বোধন




সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক ও বাল্যবিয়ের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধের লক্ষ্যে ২০ থেকে ২৬ অক্টোবর ২০১৮ পর্যন্ত সাত দিনব্যাপী দেশব্যাপী প্রচারাভিযান চালিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা এতে অংশগ্রহণ করেন।

এ উপলক্ষ্যে গত ১৩ অক্টোবর ২০১৮ বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব চৌধুরী সিনেট ভবনের সামনে এই প্রচার অভিযান কার্যক্রমের উদ্বোধন করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, র‍্যাবের মহাপরিচালক বেনজীর আহমেদ, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ, মহাসচিব রঞ্জন কর্মকার, সিনিয়র সহসভাপতি মোল্লা মো. আবু কাওসার প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ঢাবি অ্যালামনাই এসোসিয়েশন বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ১২০ শিক্ষার্থীকে প্রতি মাসে ২৫০০ টাকা করে বৃত্তি প্রদান করছে। বিশ্ববিদ্যালয়ের ছুটিতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা নিজ নিজ এলাকায় গিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং যুব সমাজের সঙ্গে সন্ত্রাস, জঙ্গিবাদ, মাদক ও বাল্যবিয়ের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধের লক্ষ্যে এই প্রচারাভিযান পরিচালনা করেন।


'পরিচ্ছন্ন বিশ্ববিদ্যালয় আমাদের প্রত্যয়' প্রতিপাদ্য নিয়ে বিশ্ববিদ্যালয় ট্যুরিজম এন্ড হস্‌পিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের উদ্যোগে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কর্মসূচি গ্রহণ করা হয়। এ উপলক্ষ্যে গত ৪ অক্টোবর ২০১৮ বিশ্ববিদ্যালয়ে এক র‍্যালির মাধ্যমে কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। পরে দোয়েল চত্বর প্রাঙ্গণে পরিচ্ছন্নতা কর্মসূচি অনুষ্ঠিত হয়।

## আইয়ুব বাচ্চুর মৃত্যুতে উপাচার্য ও প্রো-ভাইস চ্যান্সেলরদ্বয়ের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ জনপ্রিয় সংগীত শিল্পী আইয়ুব বাচ্চুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোক বাণীতে তাঁরা বলেন, আইয়ুব বাচ্চু একজন জনপ্রিয় গায়ক, গীতিকার, সুরকার এবং অসাধারণ গুণী সংগীত পরিচালক ছিলেন। তাঁর মৃত্যুতে সংগীত অঙ্গণে অপূরণীয় ক্ষতি হলো। জাতি তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। তাঁরা মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, গত ১৮ অক্টোবর হৃদরোগে আক্রান্ত হয়ে তাঁর মৃত্যু হয়।

## আইয়ুব বাচ্চুর-এর মরদেহে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর শ্রদ্ধা নিবেদন

জনপ্রিয় সংগীত শিল্পী আইয়ুব বাচ্চু-এর মরদেহ গত ১৯ অক্টোবর ২০১৮ কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে আনা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ শিল্পীর মরদেহে শ্রদ্ধা নিবেদন করেন।

শ্রদ্ধা নিবেদন শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বলেন, সংগীতের যে নতুন ধারা ব্যান্ড সংগীত সেখানে আইয়ুব বাচ্চু উজ্জ্বল নক্ষত্র। তার সংগীত গণমানুষের সঙ্গে সম্পৃক্ত, মানুষের জন্য তিনি গান গেয়েছেন।

## মেহের কবির-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষক মেহের কবির-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, মেহের কবির নিষ্ঠাবান শিক্ষক ছাড়াও একজন লেখক ও সমাজকর্মী হিসেবে খ্যাতিমান ছিলেন। তিনি রোকেয়া হলের প্রভোস্টসহ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কর্মকাণ্ডে অবদানের জন্য বিশ্ববিদ্যালয় পরিবারের কাছে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমার রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মেহের কবির ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়নের শিক্ষক ছিলেন। তিনি এই বিশ্ববিদ্যালয়ের রোকেয়া হলের প্রভোস্টের দায়িত্বও পালন করেন। তিনি বাংলাদেশ শিশুকল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক ছিলেন। তিনি ছিলেন জাতীয় অধ্যাপক কবির চৌধুরীর সহধর্মিণী।

উল্লেখ্য, বার্ধক্যজনিত কারণে গত ১৩ অক্টোবর ২০১৮ রাজধানীর একটি হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৯৯ বছর। মৃত্যুকালে তিনি দুই মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে নামাজে জানাজা শেষে তাঁকে সহধর্মী কবির চৌধুরীর কবরের পাশে দাফন করা হয়।

## মো. গোলাম সাকলায়েন সাকী-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগের শিক্ষক মো. গোলাম সাকলায়েন সাকী-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, গোলাম সাকলায়েন সাকী বিশ্ববিদ্যালয়ের একজন তরুণ ও মেধাবী শিক্ষক ছিলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমে নিষ্ঠার সাথে কাজ করেছেন, বিশ্ববিদ্যালয় পরিবারের কাছে সেজন্য স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

গোলাম সাকলায়েন সাকী ১৯৯৯ সালে প্রভাষক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিহাস বিভাগে যোগদান করেন। তিনি ২০০৩ সালের ২৮ অক্টোবর সহকারী অধ্যাপক এবং ২০১০ সালের ২৭ জানুয়ারি সহযোগী অধ্যাপক হিসেবে পদোন্নতি লাভ করেন। তিনি বিভিন্ন গবেষণা কর্মের সাথে সম্পৃক্ত ছিলেন। তাঁর প্রকাশিত বেশ কয়েকটি প্রবন্ধ ও নিবন্ধ রয়েছে।

উল্লেখ্য, গোলাম সাকলায়েন সাকী গত ১১ অক্টোবর ২০১৮ বৃহস্পতিবার নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর। মিরপুরে প্রথম নামাজে জানাজা এবং ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়া'য় দ্বিতীয় জানাজা শেষে তাঁকে মিরপুর কবরস্থানে দাফন করা হয়।

## মো. আনোয়ার হোসাইন-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার মো. আনোয়ার হোসাইন গত ২১ অক্টোবর ২০১৮ রাজধানীর একটি হাসপাতালে ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি .......... রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

আনোয়ার হোসাইন- এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, আনোয়ার হোসাইন বিশ্ববিদ্যালয়ের একজন নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের কাছে তিনি স্মরণীয় হয়ে থাকবেন। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

আনোয়ার হোসাইন ২০০২ সালের ৩০ ডিসেম্বর থেকে ২০০৭ সালের ২৯ জুন পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের দায়িত্ব পালন করেন। তিনি রংপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ, ঝিনাইদহ ক্যাডেট কলেজের শিক্ষকসহ আরও বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। আনোয়ার হোসাইন ১৯৬৯ ও ১৯৭০ সালে পর পর দুই বছর শ্রেষ্ঠ শিক্ষক মনোনীত হন। সর্বশেষ তিনি নর্দার্ন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারারের দায়িত্ব পালন করছিলেন। আনোয়ার হোসাইন বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের খালাতো ভাই ছিলেন।

মরহুমের নামাজে জানাজা ঢাকা বিশ্ববিদ্যালয় মসজিদুল জামিয়া'য় অনুষ্ঠিত হয়। পরে তাঁকে শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে দাফন করা হয়।

# উপাচার্যের সাথে যুক্তরাজ্যের অধ্যাপকের সাক্ষাৎ

যুক্তরাজ্যের গ্রীনউইচ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাইমন ওয়াকার এবং ইউনিভার্সিটি কলেজ লন্ডন (ইউসিএল)-এর অধ্যাপক ড. স্যাম স্মিথ গত ২৪ অক্টোবর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অব এক্সিলেন্স ফর টিচিং এন্ড লার্নিং-এর পরিচালক অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহকারী অধ্যাপক ড. এ টি এম সামছুজ্জোহা উপস্থিত ছিলেন।

বৈঠককালে তারা শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। এসময় তারা ঢাকা বিশ্ববিদ্যালয়, গ্রীনউইচ বিশ্ববিদ্যালয় এবং ইউনিভার্সিটি কলেজ লন্ডনের মধ্যে "টিচিং অ্যান্ড লার্নিং" বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা উন্নয়নে যুক্তরাজ্য শিক্ষাবিদদের সহযোগিতা চান। যুক্তরাজ্যের শিক্ষাবিদগণ এ ব্যাপারে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা সম্মত হন।



যুক্তরাজ্যের গ্রীনউইচ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. সাইমন ওয়াকার এবং ইউনিভার্সিটি কলেজ লন্ডন (ইউসিএল)-এর অধ্যাপক ড. স্যাম স্মিথ গত ২৪ অক্টোবর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

# কমনওয়েলথ ডিজিটাল হেলথএ্যাওয়ার্ড পেল ঢাবি টেলিমেডিসিন কার্যক্রম

বাংলাদেশের গ্রামীণ এলাকায় স্বাস্থ্যসেবার মানোন্নয়নে অসাধারণ অবদানের জন্য 'ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসিন কার্যক্রম' সম্প্রতি 'তৃতীয় কমনওয়েলথ ডিজিটাল হেলথ এ্যাওয়ার্ড' লাভ করেছে। শ্রীলংকায় অনুষ্ঠিত এক আন্তর্জাতিক প্রতিযোগিতায় টেলিমেডিসিন ক্যাটাগরিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রমটি বিজয়ী হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসিন কার্যক্রমের পরিচালক এবং বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অনারারি অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানী গত ১২ অক্টোবর ২০১৮ কলম্বো সিনামন গ্র্যান্ড হোটেলে এক অনুষ্ঠানে এই এ্যাওয়ার্ড গ্রহণ করেন। কমনওয়েলথ মেডিকেল এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ভাজিরা দিশানায়েক তাঁর হাতে এই এ্যাওয়ার্ড তুলে দেন। বিশ্বের ৪২টি দেশ ৬টি ক্যাটাগরিতে এই প্রতিযোগিতায় অংশ নেয়।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের উদ্যোগে ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসিন কার্যক্রম পরিচালিত হচ্ছে। অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানী'র নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি গবেষক দল ২০১১ সালে আধুনিক টেলিমেডিসিন প্রযুক্তি উদ্ভাবন করে। এই প্রযুক্তির মাধ্যমে পিসি বা স্মার্টফোন ব্যবহার করে চিকিৎসকরা রোগীর সঙ্গে ভিডিও কনফারেন্সে কথা বলে থাকেন। চিকিৎসকরা বিশেষ সফট্ওয়্যারের মাধ্যমে রোগীর স্বাস্থ্য পরীক্ষার নানা রিপোর্ট সংগ্রহ করেন এবং প্রেসক্রিপশন প্রদান করেন। রোগী, অপারেটর ও চিকিৎসকের মধ্যে সহজভাবে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে বাংলা ও ইংরেজী ভাষায় সফট্ওয়্যারটি তৈরি করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় টেলিমেডিসিন কার্যক্রমের আওতায় দেশের বিভিন্ন প্রান্তে ৩০টিরও বেশি গ্রামীণ সেবাকেন্দ্র চালু রয়েছে। এই প্রযুক্তি ব্যবহার করে ইতোমধ্যেই ১৫ হাজারের বেশি রোগীকে স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে।

# 'মেন্টাল হেলথ অব ইয়ং পিপুল ইন বাংলাদেশ : ইন্টারভেশন স্ট্র্যাটেজিজ এন্ড চ্যালেঞ্জেস' শীর্ষক সেমিনার




ঢাকা বিশ্ববিদ্যালয় সমাজকল্যাণ গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের উদ্যোগে ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্ক মাস্টার্স প্রোগ্রামের আওতায় "মেন্টাল হেলথ অব ইয়ং পিপুল ইন বাংলাদেশ : ইন্টারভেশন স্ট্র্যাটেজিজ এন্ড চ্যালেঞ্জেস" শীর্ষক এক জাতীয় সেমিনার গত ১৩ অক্টোবর ২০১৮ ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ।

এতে বিশেষ অতিথি ছিলেন সমাজকল্যাণ গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. তানিয়া রহমান, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. ফারুক আলম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মনোরোগবিদ্যা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সালাউদ্দিন কাউসার বিপ্লব ও মাসুদ স্টিল ডিজাইন বাংলাদেশ লি: এর ব্যবস্থাপনা পরিচালক কে এম মাসুদুর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ বলেন, আগামী দিনের পৃথিবী হচ্ছে মানসিক স্বাস্থ্যের পৃথিবী, আর মানসিক স্বাস্থ্যের ক্ষেত্রে পরিবর্তনশীল বিশ্বে তরুণরাই সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী। তাই তাদের বিষয়ে সকলকে মনোযোগী হওয়া দরকার। উদ্বোধনী পর্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রোগ্রামের প্রতিষ্ঠাতা অধ্যাপক তাহমিনা আখতার। এতে সভাপতিত্ব করেন ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্ক মাস্টার্স প্রোগ্রামের প্রোগ্রাম কো-অর্ডিনেটর অধ্যাপক ড. মোহাম্মদ শাহীন খান।




আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের উদ্যোগে গত ১১ অক্টোবর ২০১৮ এক বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শোভাযাত্রার উদ্বোধন করেন। ছবিতে অতিথিদের শোভাযাত্রায় অংশগ্রহণ করতে দেখা যাচ্ছে।




শিশু অধিকার সপ্তাহ-২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের 'পথশিশু পুনর্বাসন কার্যক্রম'এর আওতায় সুবিধাবঞ্চিত ও পথশিশুদের সমাবেশ ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৯ অক্টোবর ২০১৮ জগন্নাথ হলে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জ্যোতি লাল কুরী। ছবিতে অতিথিদের সাথে পুরস্কারপ্রাপ্ত পথশিশুদের দেখা যাচ্ছে।

# ইউলেসা'র উদ্যোগে শহীদ শেখ রাসেল-এর ৫৫তম জন্মদিন পালিত



গত ১৮ অক্টোবর ২০১৮ ইউনিভার্সিটি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের প্রাক্তন শিক্ষার্থীদের সংগঠন ইউলেসা'র উদ্যোগে এই স্কুলের ছাত্র শহীদ শেখ রাসেল-এর ৫৫তম শুভ জন্মদিন উপলক্ষ্যে বনানী কবরস্থানে তার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

'শিশুর বাসযোগ্য মানবিক বাংলাদেশ' গড়ার প্রত্যয় নিয়ে তার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন স্কুলের প্রাক্তন-বর্তমান শিক্ষক-শিক্ষার্থী, সহপাঠী বন্ধু ও বর্তমান ৪র্থ শ্রেণির শিক্ষার্থীরা। শেখ রাসেল ও পরিবারের শহীদ সদস্যদের বিদেহী আত্মার চিরশান্তি ও কল্যাণ প্রত্যাশায় পবিত্র ফাতেহা পাঠ ও দোয়া করা হয়।

এসময় স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সেলিনা বানু, উপাধ্যক্ষ সেলিনা আক্তার, ইউলেসা'র সভাপতি নাইম আহমেদ খান ও সাধারণ সম্পাদক আনিসুর রহমান সরকার লিটু, নাসের ইকবাল যাদু, হাফিজুল হক রুবেল, আজিজ মো. গনি উল আলম, মাসুদ রানা, আজমল হোসেন লালিম প্রমুখ উপস্থিত ছিলেন।

# নাট্য প্রদর্শনী অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের প্রযোজনায় গত ৯ অক্টোবর ২০১৮ নাটমন্ডলে ছয় দিনব্যাপী নাট্য প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর উইলিয়াম শেক্সপিয়ার রচিত ও সৈয়দ শামসুল হক অনূদিত মহাকাব্যিক নাটক 'ম্যাকবেথ' মঞ্চস্থ হয়েছে।

থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের অধ্যাপক ও নাট্যব্যক্তিত্ব ড. ইসরাফিল শাহীন নাটকটি নির্দেশনা দেন। এমএ শেষ সেমিস্টারের শিক্ষার্থী অভিনীত 'ম্যাকবেথ' নাটকটি ১০, ১১ ও ১৪ অক্টোবর সন্ধ্যা সাড়ে ৬টায় এবং ১২ ও ১৩ অক্টোবর বিকাল ৪ টা ও সন্ধ্যা ৭ টায় মঞ্চস্থ হয়।




বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে 'পরিবর্তনশীল বিশ্বে তরুণদের মানসিক স্বাস্থ্য' প্রতিপাদ্য নিয়ে "Sustainable Psychosocial Support for Displaced Rohingyas in Crisis" শীর্ষক এক বিশেষ সেমিনার গত ১০ অক্টোবর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। এতে সভাপতিত্ব করেন বাংলাদেশ ক্লিনিক্যাল সাইকোলজি সোসাইটির সভাপতি অধ্যাপক ড. মাহমুদুর রহমান।




গত ১২ অক্টোবর ২০১৮ কলম্বো সিনামন গ্র্যান্ড হোটেলে এক অনুষ্ঠানে ঢাবি টেলিমেডিসিন কার্যক্রমের পরিচালক এবং বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের অনারারি অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানীর হাতে কমনওয়েলথ মেডিকেল এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ভাজিরা দিশানায়েক 'তৃতীয় কমনওয়েলথ ডিজিটাল হেলথ এ্যাওয়ার্ড' তুলে দেন।

# শহীদুল্লাহ হল বাঁধন ইউনিটের 'নবীন বরণ ও রক্তদাতা সম্মাননা



ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মুহম্মদ শহীদুল্লাহ হল বাঁধন ইউনিটের 'নবীন বরণ ও রক্তদাতা সম্মাননা-২০১৮' গত ২৬ অক্টোবর ২০১৮ হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম নাসির উদ্দিন এবং হল বাঁধন ইউনিটের উপদেষ্টা শিক্ষক মো. ইব্রাহিম মিয়া। এতে সভাপতিত্ব করেন হল ইউনিটের সভাপতি হুসাইন মোহাম্মদ সিদ্দিকিন এবং সঞ্চালনা করেন হল ইউনিটের সাধারণ সম্পাদক মশিউর রহমান। অনুষ্ঠানে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয় এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের রক্তদাতা শিক্ষার্থীদের সম্মাননা দেওয়া হয়।



গত ১১ অক্টোবর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে জয়ধ্বনি সাংস্কৃতিক সংগঠনের উদ্যোগে শরৎ উৎসবের আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে বিশেষ অতিথি ছিলেন বাংলা বিভাগের অধ্যাপক ড. সৌমিত্র শেখর। ছবিতে উপাচার্যকে প্রধান অতিথির বক্তব্য প্রদান করতে দেখা যাচ্ছে।

# ‘বার্জার এ্যাওয়ার্ড ফর স্টুডেন্ট অফ ফ্যাকাল্টি অফ ফাইন আর্ট’




ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের মেধাবী শিক্ষার্থীদের উৎসাহ প্রদান, মেধার স্বীকৃতি এবং তাদের শিক্ষা কার্যক্রমকে সুদৃঢ় করতে বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেডের পক্ষ থেকে অনুষদের ৮ বিভাগের বিএফএ ৪র্থ বর্ষ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীদের বার্ষিক শিক্ষাবৃত্তি সহ ‘বার্জার স্টুডেন্ট অফ দ্যা ইয়ার’ এ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। গত ৭ অক্টোবর ২০১৮ অনুষদে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে শিক্ষাবৃত্তি ও এ্যাওয়ার্ড প্রদান করেন। এতে বিশেষ অতিথি ছিলেন বার্জার পেইন্টস বাংলাদেশ লিমিটেড-এর ম্যানেজিং ডিরেক্টর রূপালী চৌধুরী।

২০১৬-২০১৭ সেশনের বিএফএ সম্মান পরীক্ষায় প্রথম স্থান অধিকারী তরিকুল ইসলাম (ড্রইং এন্ড পেইন্টিং), মো. রাসেল রানা (গ্রাফিক ডিজাইন), দীপংকর সাহা (প্রিন্টমেকিং), উৎপল কুমার (ওরিয়েন্টাল আর্ট), সৌরভ দাস (সিরামিক্স), সুস্মিতা মুখার্জী মিষ্টি (স্কাল্পচার) এবং রেজাউল করিম রিজন (ক্রাফটস্)-কে শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। এছাড়া, স্নাতক পর্যায়ে সর্বোচ্চ সিজিপিএ পাওয়া শিক্ষার্থী দীপংকর সাহাকে (প্রিন্টমেকিং) ‘বার্জার স্টুডেন্ট অফ দ্যা ইয়ার’ এ্যাওয়ার্ড প্রদান করা হয়।

পুরস্কার বিতরণ শেষে উপাচার্য চারুকলা অনুষদের জয়নুল গ্যালারিতে চিত্র প্রদর্শনীর উদ্বোধন করেন। উদ্বোধনের পর তিনি প্রদর্শিত বিভিন্ন চিত্র পরিদর্শন করেন।

উল্লেখ্য, চিত্র প্রদর্শনীটি ১০ অক্টোবর ২০১৮ সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত ছিল।

# খোন্দকার লুৎফি রব্বানী-নাজমুন নেছা স্মৃতি বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী



এম এস পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের ২ জন মেধাবী শিক্ষার্থী ‘খোন্দকার লুৎফি রব্বানী-নাজমুন নেছা স্মৃতি বৃত্তি’ লাভ করেছেন। গত ২১ অক্টোবর ২০১৮ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বায়োমেডিকেল ফিজিক্স এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ আবদুল কাদির, ট্রাস্ট ফান্ডের অন্যতম দাতা অধ্যাপক ড. খোন্দকার সিদ্দিক-ই-রব্বানী এবং দাতা পরিবারের কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমৃদ্ধ দেশ গঠনের লক্ষ্যে নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি প্রয়াত খোন্দকার লুৎফি রব্বানী ও প্রয়াত নাজমুন নেছা’র স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন- আনিলা পাশা ও তাবিন্দা বাশারাত।

# মানসিক স্বাস্থ্য বিষয়ে জনসচেতনতা দরকার- উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মানসিক স্বাস্থ্য বিষয়ে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেছেন। গত ১০ অক্টোবর ২০১৮ টিএসসি চত্বরে দিনব্যাপী মানসিক স্বাস্থ্য সেবা কর্মসূচি উদ্বোধনকালে তিনি এই গুরুত্বারোপ করেন। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এবং এডুকেশনাল ও কাউন্সিলিং সাইকোলজি বিভাগ যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করে। এ বছর দিবসটির প্রতিপাদ্য হচ্ছে “পরিবর্তনশীল বিশ্বে তরুণদের মানসিক স্বাস্থ্য”।




অনুষ্ঠানে ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক মেহজাবীন হক সহ শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, দেশের ২৫ ভাগ প্রাপ্তবয়স্ক মানুষ এবং ১০ ভাগ শিশু মানসিক রোগে আক্রান্ত। এদের সঠিক চিকিৎসা ও পরিচর্যার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, অন্য রোগের মত মানসিক রোগকেও সমান গুরুত্ব দিয়ে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তিনি তরুণ সমাজের প্রতি আহ্বান জানান।

# সমাজের সর্বত্র আইন মানার সংস্কৃতি গড়ে তুলতে হবে-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমাজের সর্বত্র আইন মানার সংস্কৃতি গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেছেন। গত ৭ অক্টোবর ২০১৮ চারুকলা অনুষদের লেকচার হলে ব্যারিস্টার ওমর এইচ খান রচিত “Legal Stories of Life” শীর্ষক গ্রন্থের পর্যালোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই গুরুত্বারোপ করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে সভায় আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, প্রিন্ট মেকিং বিভাগের অধ্যাপক রোকেয়া সুলতানা ও গ্রন্থের লেখক ব্যারিস্টার ওমর এইচ খান বক্তৃতা করেন। ব্যারিস্টার মিতি সানজানা অনুষ্ঠান সঞ্চালন করেন।




উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের সমস্যাবলী ও আইনগত সমাধানের উপায় বইটিতে সন্নিবেশিত হয়েছে। আইনকে মানুষের জীবন ও সংস্কৃতির অংশ হিসেবে বর্ণনা করে তিনি বলেন, সমাজে আইন মানার সংস্কৃতি গড়ে তুলতে বইটি সহায়ক ভূমিকা পালন করবে। সভ্য ও বৈষম্যহীন সমাজ গঠনে আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন।

# এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের উন্নয়নে ১০ লাখ টাকার অনুদান

ঢাকা বিশ্ববিদ্যালয় এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের উন্নয়নের লক্ষ্যে মনোবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক পারভীন হক ও তার পরিবারের সদস্যরা ১০ লাখ টাকা প্রদান করেছেন। অধ্যাপক পারভীন হক গত ১৬ অক্টোবর ২০১৮ এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের চেয়ারপার্সন মেহ্জাবীন হকের কাছে অনুদানের এই চেক হস্তান্তর করেন।



উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের অনারারি অধ্যাপক শামীম এফ করিম, অধ্যাপক ড. শাহীন ইসলাম ও সহকারী অধ্যাপক নাফিজা ফেরদৌসী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুদানের জন্য দাতা পরিবারকে ধন্যবাদ জানান। এডুকেশনাল এন্ড কাউন্সেলিং সাইকোলজি বিভাগের উন্নয়নে এই অনুদান অবদান রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

**সম্পাদক: মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫